



বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন

আইইবি ভবন, রমনা, ঢাকা-১০০০, বাংলাদেশ।

তারিখঃ ০৫-০৭-২০১৮


স্মারক নং-১৪.৩২.০০০০.০০৭.৫৫.১৮০.১৫.১২২৩(১)

অবৈধ আইএসপি সেবা সংক্রান্ত জরুরী বিজ্ঞপ্তি।

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশে টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ আইন, ২০০১ এর বিধান অনুযায়ী টেলিযোগাযোগ সেবা তথা ইন্টারনেট সেবা প্রদানের জন্য বিটিআরসি হতে ইন্টারনেট সার্ভিস প্রোভাইডার (আইএসপি) লাইসেন্স গ্রহণ বাধ্যতামূলক। আইনের বিধান অনুযায়ী লাইসেন্স বিহীন কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান টেলিযোগাযোগ সেবা তথা ইন্টারনেট সেবা প্রদান করলে তা হবে আইনের সুস্পষ্ট লঙ্ঘন এবং শাস্তিযোগ্য অপরাধ।

সম্প্রতি কমিশনের দৃষ্টিগোচর হয়েছে যে, বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন হতে লাইসেন্স গ্রহণ ব্যতীত বেশ কিছু প্রতিষ্ঠান ইন্টারনেট সেবা প্রদানের লক্ষ্যে স্থাপনা নির্মাণ বা যন্ত্রপাতি স্থাপন বা যন্ত্রপাতি পরিচালনা করছে, যা আইনত দণ্ডনীয় অপরাধ। কমিশন হতে লাইসেন্সপ্রাপ্ত প্রতিষ্ঠানসমূহের ব্যবসায়িক স্বার্থ নিশ্চিতকরণসহ টেলিযোগাযোগ ক্ষেত্রে সুষ্ঠু নিয়ন্ত্রণের স্বার্থে যে সকল ব্যক্তি বা প্রতিষ্ঠান লাইসেন্স বিহীন টেলিকম সেবা প্রদান করছে, উক্ত প্রতিষ্ঠানসমূহকে লাইসেন্স বিহীন টেলিকম সেবা প্রদান থেকে বিরত থাকার জন্য বিশেষভাবে অনুরোধ জানানো যাচ্ছে। লাইসেন্স বিহীন কোন প্রতিষ্ঠান আইএসপি সেবা প্রদান কিংবা লাইসেন্স বিহীন কোন প্রতিষ্ঠান আইএসপি সেবা প্রদানের নিমিত্ত ব্যান্ডউইথ প্রদান করে, সে সকল ব্যক্তি বা প্রতিষ্ঠানের বিরুদ্ধে বিটিআরসি হতে বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ আইন, ২০০১ এর বিধান মোতাবেক জরিমানা আরোপসহ অভিযুক্ত প্রতিষ্ঠানের বিরুদ্ধে ফৌজদারি মামলা দায়ের করা হবে। উল্লেখ্য যে, কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান আইনের এই বিধান লঙ্ঘন করলে প্রতিক্ষেত্রে উক্ত ব্যক্তি বা প্রতিষ্ঠানকে অনধিক ১০ (দশ) বৎসর কারাদণ্ড বা অনধিক ৩০০ (তিন শত) কোটি টাকা অর্থদণ্ড বা উভয় দণ্ডে দণ্ডিত হবে। অপরদিকে লাইসেন্স বিহীন টেলিকম সেবা প্রদানকারী কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানের সাথে কোন প্রকার চুক্তি, সেবা প্রদান, ব্যান্ডউইথ প্রদান এবং ব্যবসায়িক টেলিকম সেবা গ্রহণ বা প্রদান থেকে সংশ্লিষ্ট সকলকে বিরত থাকার জন্য অনুরোধ করা হলো।

এমতাবস্থায়, টেলিযোগাযোগ সেবা প্রদানকারী আইআইজি এবং আইএসপি লাইসেন্সধারী সকল প্রতিষ্ঠানকে লাইসেন্স বিহীন কোন প্রতিষ্ঠানকে আইএসপি সেবা প্রদানের উদ্দেশ্যে ব্যান্ডউইথ প্রদান না করার জন্য অনুরোধ করা হলো। একই সাথে লাইসেন্স বিহীন কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান হতে আইএসপি সেবা গ্রহণ না করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।


(এম.এ. তালেব হোসেন)
পরিচালক (লাইসেন্সিং)
লীগ্যাল এন্ড লাইসেন্সিং বিভাগ
ফোনঃ ০২-৯৫৫৪৪৮৯